

**চট্টগ্রাম ভাসিটিতে  
শিক্ষকদের সংগঠন**

**মাত্র ৬টি**  
(চট্টগ্রাম অফিস)

গত ২২শে ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সংসর্ঘের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত ৫টি শিক্ষক সংগঠন (১ম পৃ: ২-এর ক: ৬:)

**মাত্র ৬টি**  
(১ম পৃ: পর)

নের আনুপ্রকাশ করিয়াছে। ফলে শিক্ষকদের মোট ৬টি সংগঠন বিভিন্ন নামে পত্রিকায় বিবৃতি ও কর্মসূচী প্রতিনিয়ত ঘোষণা করিতেছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের স্বীকৃত সংগঠন "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি"র নেতৃত্ব ইতিপূর্বে শেষ হইয়া যাওয়ার পর সাংগঠনিক জটিলতার কারণে প্রায় ৬ মাস ধরিয়া কোন নির্বাচন হয় নাই। শিক্ষক সংগঠনগুলি হইতেছে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি"— সভাপতি ইউসুফ শরীফ আহমেদ খান; সাধারণ সম্পাদক ড: আবুল কালাম আজাদ; "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক পরিষদ"—আহ্বায়ক ড: মঞ্জুর মোর্শেদ মাহমুদ, যুগ্ম আহ্বায়ক ড: শফিউল আলম; "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ" আহ্বায়ক অধ্যাপক মাহফুজুল হক, যুগ্ম আহ্বায়ক ড: মোহাম্মদ মাহবুবুল্লাহ; "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক শিক্ষক সমাজ" আহ্বায়ক ড: মাহবুব উল্লাহ, যুগ্ম আহ্বায়ক হায়াত হোসেন; "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক সমাজ" আহ্বায়ক অধ্যাপক জিয়া হায়দার "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ" আহ্বায়ক অধ্যাপক ড: নূরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আবদুন-নূর। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষকের সংখ্যা প্রায় সাড়ে ৩ শত। তন্মধ্যে প্রায় ১ শত জন বিদেশে বহিরাছেন। উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সংকটের জন্য শিক্ষকদের ভূমিকা অনেকাংশে দায়ী বলিয়া মনে করা হয়।